22 MAY 2016

তারিখ ..........
পৃষ্ঠা ...... কলাম ......

দৈনিক
ইত্তেফাক

# হাজিরপাড়া কেন্দ্রের এসএসসির ফলাফল পুনঃমূল্যায়নের দাবি

■ লক্ষ্মীপুর প্রতিনিধি

সদ্যপ্রকাশিত মাধ্যমিক পরীক্ষার কুমিল্লা বোর্ডের অধীনে হাজিরপাড়া উচ্চবিদ্যালয়ে কেন্দ্রের পরীক্ষার উত্তরপত্র পুনঃমূল্যায়নের দাবি করে সংবাদ সম্মেলন করেছেন ওই কেন্দ্রের পরীক্ষার্থীদের অভিভাবক পক্ষ। শুক্রবার শহরের বাগবাড়ী এলাকায় স্থানীয় পত্রিকা কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে অভিভাবকদের পক্ষ থেকে বলা হয়—এ বছর অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার হাজিরপাড়া কেন্দ্রে সদ্যপ্রকাশিত ফলাফলে একজনও জিপিএ-৫ না পাওয়ায় শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের মধ্যে ক্ষোভ ও হতাশা বিরাজ করছে। এ ফলাফল কোনোভাবে মেনে নেয়া যায় না। উল্লিখিত কেন্দ্রে পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠানের ৫০৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে। তাদের অভিভাবকরা মনে করছেন—এর মধ্যে ৬০ থেকে ৭০ জন শিক্ষার্থী জিপিএ-৫ পাওয়ার ব্যাপারে নিশ্চিত ছিল। এ কেন্দ্রের বাংলা ও রসায়নসহ সব বিষয় পুনঃমূল্যায়ন করলে অন্তত ১০০ শিক্ষার্থী জিপিএ-৫ পাবে।

সম্মেলনে অভিভাবকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন—বেলাল উদ্দিন, অধ্যাপক মোশতাকুর রহমান, সৈয়দ মো. ফখরুল আলম নাহিদ প্রমুখ।

এ ব্যাপারে হাজিরপাড়া হামিদিয়া উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্রের সচিব নুরুল ইসলাম বলেন, 'আমার স্কুলে ২০৩ জনসহ এ কেন্দ্রে পাঁচ শতাধিক শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। আমার স্কুলে ৪০-এর বেশি এবং পুরো কেন্দ্রে অন্তত ৭০ জন জিপিএ-৫ পাওয়ার ব্যাপারে আশাবাদী ছিলাম। একজনও জিপিএ-৫ না পাওয়ায় এ ফলাফল সঠিক বলে বিশ্বাস করতে পারছি না।'